গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

এবং

সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........................................ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........................................ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........................................ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........................................ ১৭

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিশ্বের ১৭৬টি দেশে কর্মরত ১ কোটি ৫০ লক্ষের অধিক বাংলাদেশি কর্মী এবং তাঁদের পরিবারের সদস্যদের অর্থবহ ও টেকসই কল্যাণ নিশ্চিতকরণ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর অন্যতম প্রধান লক্ষ্য। এ বোর্ড হতে গত ০৩ অর্থ বছরে (২০২১-২০২২ থেকে ২০২৩-২০২৪ মার্চ) প্রবাসী কর্মীর মেধাবী সন্তানকে ১০,৯২৭ টি চেকের মাধ্যমে ২৪ কোটি ০৮লক্ষ টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। প্রবাস ফেরত ১১৫৩ জন অসুস্থ কর্মীর চিকিৎসা সহায়তা বাবদ ৯ কোটি ৮৬ লক্ষ টাকা প্রদান করা হয়। প্রবাসে মৃত্যুবরণকারী ১১,৫৫৩ জন কর্মীর মৃতদেহ বিমানবন্দর হতে পরিবারের নিকট হস্তান্তরের সময় প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে প্রতি পরিবারকে মৃতদেহ পরিবহণ ও দাফন খরচ বাবদ ৩৫ হাজার টাকা করে মোট ৪০ কোটি ৪৩ লক্ষ ৫৫ হাজার টাকা প্রদান করা হয়। প্রবাসে মৃত্যুবরণকারী ১৫,৫৯৪ জন কর্মীর প্রতি পরিবারকে ৩ লক্ষ টাকা করে ৪৪৯ কোটি ৩৫ লক্ষ ০৮ হাজার টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়। বাংলাদেশ মিশনসমূহের শ্রম কল্যাণ উইংয়ের সহযোগিতায় প্রবাসে মৃত ৩৮৬৫ জন কর্মীর অনুকূলে মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া অন্যান্য অর্থ বাবদ আদায়কৃত ২৬৩ কোটি ৪৬লক্ষ টাকা তাঁদের উত্তরাধিকারীদের মধ্যে বিতরণ করা হয়। এছাড়া প্রবাসে মৃত ও অসুস্থ ৪৬১ জন কর্মী পরিবহনে ঢাকা ও চট্টগ্রাম বিমানবন্দর হতে অ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হয়। প্রবাসবন্ধু কল সেন্টারের (২৪/৭) মাধ্যমে ৩,৩০,৩৫৬ জন কর্মী ও পরিবারকে সেবা প্রদান করা হয়। বিদেশগামী সকল কর্মীদের বীমা বীমাভুক্তকরণ এবং ১৬৫৫ জন কর্মীর ৪৫ কোটি ৯৭ লক্ষ টাকা বীমা দাবি আদায় করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের সাময়িক অবস্থানের জন্য গত ১৭ মার্চ ২০২২ তারিখে বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার শুভ উদ্বোধন করা হয়েছে। মে ২০২২ থেকে মার্চ ২০২৩ পর্যন্ত ৪৪০২ জন বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের স্বল্প খরচে বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারে সাময়িক অবস্থানের সুবিধা প্রদান করা হয়েছে। প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের জন্য ২০২১ সাল হতে "প্রতিবন্ধী ভাতা" প্রবর্তন করা হয়। এখন পর্যন্ত প্রবাসী কর্মীর ১৫৯২ জন সন্তানকে ০১ কোটি ৯১ লক্ষ টাকা প্রতিবন্ধী ভাতা প্রদান করা হয়েছে। প্রত্যাগত অভিবাসী কর্মীদের পুনঃএকত্রীকরণের লক্ষ্যে বিশ্বব্যাংকের অর্থায়নে "Recovery and Advancement of Informal Sector Employment (RAISE): Reintegration of Returning Migrants" শীর্ষক প্রকল্পের মাধ্যমে তাঁদের সমাজে পুন:প্রতিষ্ঠার লক্ষ্যে টেকসই রি-ইন্টিগ্রশন মডেল তৈরিসহ মনোসামাজিক পরামর্শ, আত্মকর্মসংস্থানের লক্ষ্যে সহযোগিতা এবং তথ্য সমৃদ্ধ ডাটাবেজ তৈরির কার্যক্রম চালু রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর নিয়োগকর্তার নিকট হতে ক্ষতিপূরণ ও বকেয়া অন্যান্য অর্থ দ্রুততম সময়ে আদায়, মাঠ পর্যায়ে বোর্ডের অফিস স্থাপন এবং প্রত্যাগত কর্মীদের রিইন্টিগ্রেশন ও পুনর্বাসন (রিইন্টিগ্রেশন) কার্যক্রম পরিচালনা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা অর্জনে উৎসাহ প্রদানের লক্ষ্যে রূপকল্প ২০৪১ সালের মধ্যে কর্মীর ০১ লক্ষ টি শিক্ষাবৃত্তির চেক প্রবাসীর সন্তানকে প্রদান। প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের প্রবাসবন্ধু কল সেন্টারের (২৪/৭) মাধ্যমে তাৎক্ষণিকভাবে তথ্য সেবা প্রদান।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি ও প্রতিবন্ধী সন্তানদের ভাতা প্রদান;
- বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের স্বল্প খরচে বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারে সাময়িক অবস্থানের সুবিধা প্রদান;
- প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ ৩৫ হাজার টাকা আর্থিক সাহায্য, ৩ লক্ষ টাকা আর্থিক অনুদান, ক্ষতিপূরণ ও বকেয়া অন্যান্য অর্থ আদায়পূর্বক ওয়ারিশদের মধ্যে বিতরণ এবং বিদেশগামী সকল কর্মীর ইন্স্যুরেন্স সুবিধা প্রদান;
- অনিবন্ধিত ও অনিবাসি বাংলাদেশিদের বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্তকরণ, ইআরপি সিস্টেমে বোর্ডের সকল কার্যক্রম সম্পাদন;
- প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের প্রবাসবন্ধু কল সেন্টারের (২৪X৭) মাধ্যমে তাৎক্ষণিকভাবে সেবা প্রদান।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

এবং

সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের জন্য অর্থবহ ও টেকসই কল্যাণ নিশ্চিত করা ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রবাসী কর্মীদের আইনগত সহায়তাসহ সার্বিক কল্যাণ সাধন করা, প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারের আর্থিক সহায়তাসহ জীবনমানের উন্নয়নে সহায়তা করা এবং বিদেশ প্রত্যাগত কর্মীদের পুনর্বাসনে সহায়তা করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সহায়তা প্রদান;

২. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে লক্ষ্যে প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া ও বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক সহায়তা;

৩. রিইন্টিগ্রেশন কর্মসূচি ও নারী কর্মীদের দেশে-বিদেশে বিশেষ সহায়তা প্রদান;

৪. প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি, প্রতিবন্ধী ভাতা প্রদান এবং প্রবাসী কর্মীর পরিবার ও শ্রম কল্যাণ উইংয়ের সাথে ভিডিও কনফারেন্স।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান;

২. বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের স্বল্প খরচে সেন্টরে সাময়িক অবস্থানের সুবিধা প্রদান;

৩. প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন, মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ আর্থিক সাহায্য, মৃতের পরিবারকে আর্থিক অনুদান, ক্ষতিপূরণ ও বকেয়া অন্যান্য অর্থ আদায়পূর্বক ওয়ারিশদের মধ্যে বিতরণ এবং বিদেশগামী সকল কর্মীর ইন্স্যুরেন্স সুবিধা প্রদান;

৪. প্রবাসে আহত ও অসুস্থ কর্মীদের চিকিৎসার্থে আর্থিক সহায়তা এবং কর্মীর প্রতিবন্ধী সন্তানদের ভাতা প্রদান;

৫. প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ এবং প্রবাস ফেরত আহত ও অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের ঢাকা ও চট্টগ্রাম বিমানবন্দর হতে অ্যাম্বুলেন্স সেবা প্রদান;

৬. অনিবন্ধিত ও অনাবাসি বাংলাদেশিদের বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্তকরণ, ইআরপি সিস্টেমের মাধ্যমে বোর্ডের সকল কার্যক্রম সম্পাদন; এবং

৭. প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের প্রবাসবন্ধু কল সেন্টারের (২৪/৭) মাধ্যমে তাৎক্ষণিকভাবে সেবা প্রদান।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা অর্জনে উৎসাহ প্রদানের লক্ষ্যে রুপকল্প ২০৪১ সালের মধ্যে কর্মীর ০১ লক্ষ টি শিক্ষাবৃত্তি চেক প্রবাসীর সন্তানকে প্রদান। | প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের প্রদত্ত শিক্ষাবৃত্তি প্রদান। | সংখ্যা | ৪০০০ | ৪০৫০ | ৪১০০ | ৪১৫০ | ৪২০০ | বোর্ড | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৮ |
| বিদেশগামী সকল প্রবাসী কর্মীকে ইন্স্যুরেন্স সেবার সুবিধা প্রদান। | সকল প্রবাসী কর্মীকে ইন্স্যুরেন্স সেবার আওতায় আনয়ন। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | বোর্ড ও জীবন বীমা কর্পোরেশন | ৮ম পঞ্চমবার্ষিক পরিকল্পনা/ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৮ |
| বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টরে সাময়িক অবস্থান | বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের স্বল্প খরচে সেন্টরে সাময়িক অবস্থানের সুবিধা প্রদান। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | বোর্ড | সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৪ |
| প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের প্রবাসবন্ধু কল সেন্টারের (24x7) মাধ্যমে তাৎক্ষণিকভাবে সেবা প্রদান। | প্রবাসবন্ধু কল সেন্টারের মাধ্যমে তথ্য সেবা প্রদান। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | বোর্ড | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিদ্ধান্ত |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সহায়তা প্রদান; | ২৫ | [১.১] প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন, পরিবারকে মৃতদেহ পরিবহন ও দাফন খরচ এবং আর্থিক অনুদান প্রদান। | [১.১.১] পরিবহন ও দাফন খরচের (৩৫ হাজার টাকা) আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ৪ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [১.১.২] আর্থিক অনুদানের (৩ লক্ষ টাকা) আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ৪ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.২] বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারে সাময়িক অবস্থানের সহায়তা প্রদান। | [১.২.১] সাময়িক অবস্থানের সুবিধার আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৩] মৃত কর্মীর ক্ষতিপূরণ, বকেয়া ও অন্যান্য অর্থ আদায়ে সহায়তা প্রদান এবং আদায়কৃত অর্থ বিতরণ। | [১.৩.১] ক্ষতিপূরণ, বকেয়া ও অন্যান্য অর্থের আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৪] প্রবাসে অসুস্থ কর্মীদের চিকিৎসার্থে আর্থিক সহায়তা প্রদান। | [১.৪.১] চিকিৎসা সহায়তার আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৫] প্রবাসে আহত ও অসুস্থ হয়ে ফেরত আসা কর্মী এবং প্রবাসে মৃত কর্মীর লাশ স্বল্পমূল্যে পরিবহনের জন্য বিমানবন্দর হতে অ্যাম্বুলেন্স সুবিধা প্রদান। | [১.৫.১] অসুস্থ কর্মীদের অ্যাম্বুলেন্স সুবিধার আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [১.৫.২] মৃত কর্মীদের অ্যাম্বুলেন্স সুবিধার আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৬] প্রবাসী কর্মীদের আবেদনের প্রেক্ষিতে পাওয়ার অফ এটর্নি প্রস্তুতের সাহায্য। | [১.৬.১] পাওয়ার অফ এটর্নির আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৭] প্রবাসে কর্মরত কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের প্রবাসবন্ধু কল সেন্টার এর মাধ্যমে দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া। | [১.৭.১] তথ্য সেবা প্রদানকৃত। | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৮] বিএমইটি'র ছাড়পত্র গ্রহণকারী বিদেশগামী সকল কর্মীর জীবন বীমার সহায়তায় লাইফ ইন্স্যুরেন্স সুবিধার আওতায় আনয়ন। | [১.৮.১] ইন্স্যুরেন্সের আওতায় আনয়নকৃত। | গড় | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে লক্ষ্যে প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া ও বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক সহায়তা; | ২০ | [২.১] অনিবন্ধিত ও অনাবাসি বাংলাদেশিদের বোর্ডের সেবার আওতায় আনয়নে সহায়তা। | [২.১.১] বোর্ডের মেম্বারশীপর আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.২] বোর্ডের সকল কার্যক্রম ইআরপি সিস্টেমের মাধ্যমে সম্পাদন । | [২.২.১] ইআরপি সিস্টেমের সকল কার্যক্রম সম্পাদনকৃত । | গড় | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৩] বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে সহায়তা প্রদান | [২.৩.১] সহায়তার আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৪] প্রবাসে মৃত কর্মীর প্রদত্ত তথ্য বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে বোর্ডের ডাটাবেইজে সংরক্ষণ। | [২.৪.১] তথ্য ডাটাবেইজে সংরক্ষণকৃত। | গড় | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৫] প্রবাস ফেরত অসহায় ও নিঃস্ব কর্মীদের প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যে বাড়ি গমনে বিশেষ আর্থিক সহায়তা | [২.৫.১] বিশেষ আর্থিক সহায়তার আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| [৩] রিইন্টিগ্রেশন কর্মসূচি ও নারী কর্মীদের দেশে-বিদেশে বিশেষ সহায়তা প্রদান; | ১৫ | [৩.১] প্রবাসী নারী কর্মীদের সহায়তার জন্য সেইফ হোম পরিচালনায় দূতাবাস বরাবর বাজেট বরাদ্দ ও দেশে চিকিৎসা সহায়তা। | [৩.১.১] নারী কর্মীদের চিকিৎসা সহায়তার আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [৩.১.২] সেফ হোম পরিচালনায় দূতাবাস/শ্রম উইং বরাবর বাজেট বরাদ্দকৃত। | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৩.২] রিইন্টিগ্রেশন লক্ষ্যে প্রত্যাগত কর্মীদের নিবন্ধন,কাউন্সেলিং, ওরিয়েন্টেশন ও রেফারেল সহায়তা প্রদান। | [৩.২.১] নিবন্ধনের আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ৩ | ০ | ০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [৩.২.২] কাউন্সেলিং এর আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ৩ | ০ | ০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [৩.২.৩] ওরিয়েন্টেশনের আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ২ | ০ | ০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [৩.২.৪] রেফারেলের আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ১ | ০ | ০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি, প্রতিবন্ধী ভাতা প্রদান এবং প্রবাসী কর্মীর পরিবার ও শ্রম কল্যাণ উইংয়ের সাথে ভিডিও কনফারেন্স। | ১০ | [৪.১] প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা অর্জনে উৎসাহ প্রদানের লক্ষ্যে শিক্ষাবৃত্তি প্রদান। | [৪.১.১] শিক্ষাবৃত্তির আবেদন নিষ্পত্তিকৃত। | সমষ্টি | সংখ্যা | ২ | ৪০০০ | ৪৫৯২ | ৩৫০০ | ৩২০০ | ৩০০০ | ২৮০০ | ২৬০০ | ৩৫৫০ | ৩৬০০ |
| | | [৪.২] প্রবাসী কর্মীর সন্তানদের দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা প্রদান। | [৪.২.১] প্রত্যয়ন পত্রর আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৪.৩] প্রবাসী কর্মীর বিশেষ চাহিদা সম্পন্ন সন্তানদের প্রতিবন্ধী ভাতা প্রদান। | [৪.৩.১] প্রতিবন্ধী ভাতার আবেদন নিষ্পত্তিকৃত। | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৪.৪] আর্থিক অনুদান ও ক্ষতিপূরণের অর্থ সঠিক ব্যবহার ও বিনিয়োগের লক্ষ্যে প্রবাসী কর্মী ও তাঁর পরিবারের সাথে ভিডিও কনফারেন্স। | [৪.৪.১] প্রবাসী কর্মী ও তাঁর পরিবারের সাথে ভিডিও কনফারেন্স আয়োজিত। | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | ১০ |
| | | [৪.৫] প্রবাসী কর্মী কল্যাণের লক্ষ্যে শ্রম কল্যাণ উইংয়ের সাথে ভিডিও কনফারেন্স। | [৪.৫.১] শ্রম কল্যাণ উইংয়ের সাথে ভিডিও কনফারেন্স আয়োজিত। | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৫ | ৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

..............................................................

মহাপরিচালক
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

..............................................................

তারিখ

..............................................................

সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

..............................................................

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এটুআই | একসেস টু ইনফরমেশন |
| ২ | ডিইএমও | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস |
| ৩ | দূতাবাস / কন্স্যুলেট জেনারেল | বিদেশস্থ বাংলাদেশ মিশন/কন্স্যুলেট |
| ৪ | বিএমইটি | ব্যুরো অব ম্যানপাওয়ার, এমপ্লয়মেন্ট এন্ড ট্রেনিং (জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো) |
| ৫ | বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন, পরিবারকে মৃতদেহ পরিবহন ও দাফন খরচ এবং আর্থিক অনুদান প্রদান। | [১.১.১] পরিবহন ও দাফন খরচের (৩৫ হাজার টাকা) আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | হিসাব শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারি শীট |
| | [১.১.২] আর্থিক অনুদানের (৩ লক্ষ টাকা) আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | হিসাব শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারি শীট |
| [১.২] বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারে সাময়িক অবস্থানের সহায়তা প্রদান। | [১.২.১] সাময়িক অবস্থানের সুবিধার আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| [১.৩] মৃত কর্মীর ক্ষতিপূরণ, বকেয়া ও অন্যান্য অর্থ আদায়ে সহায়তা প্রদান এবং আদায়কৃত অর্থ বিতরণ। | [১.৩.১] ক্ষতিপূরণ, বকেয়া ও অন্যান্য অর্থের আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | হিসাব শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| [১.৪] প্রবাসে অসুস্থ কর্মীদের চিকিৎসার্থে আর্থিক সহায়তা প্রদান। | [১.৪.১] চিকিৎসা সহায়তার আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | হিসাব শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| [১.৫] প্রবাসে আহত ও অসুস্থ হয়ে ফেরত আসা কর্মী এবং প্রবাসে মৃত কর্মীর লাশ স্বল্পমূল্যে পরিবহনের জন্য বিমানবন্দর হতে অ্যাম্বুলেন্স সুবিধা প্রদান। | [১.৫.১] অসুস্থ কর্মীদের অ্যাম্বুলেন্স সুবিধার আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | যানবাহন শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| | [১.৫.২] মৃত কর্মীদের অ্যাম্বুলেন্স সুবিধার আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | যানবাহন শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| [১.৬] প্রবাসী কর্মীদের আবেদনের প্রেক্ষিতে পাওয়ার অফ এটর্নি প্রস্তুতের সাহায্য। | [১.৬.১] পাওয়ার অফ এটর্নির আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | লিগ্যাল সেল শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| [১.৭] প্রবাসে কর্মরত কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের প্রবাসবন্ধু কল সেন্টার এর মাধ্যমে দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া। | [১.৭.১] তথ্য সেবা প্রদানকৃত। | বোর্ড | আইটি শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| [১.৮] বিএমইটি'র ছাড়পত্র গ্রহণকারী বিদেশগামী সকল কর্মীর জীবন বীমার সহায়তায় লাইফ ইন্স্যুরেন্স সুবিধার আওতায় আনয়ন। | [১.৮.১] ইন্স্যুরেন্সের আওতায় আনয়নকৃত। | বোর্ড | ইন্স্যুরেন্স শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| [২.১] অনিবন্ধিত ও অনাবাসি বাংলাদেশিদের বোর্ডের সেবার আওতায় আনয়নে সহায়তা। | [২.১.১] বোর্ডের মেম্বারশীপর আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | আইটি শাখা হতে প্রাপ্ত তালিকা, সামারীশীট ও লিংক |
| [২.২] বোর্ডের সকল কার্যক্রম ইআরপি সিস্টেমের মাধ্যমে সম্পাদন । | [২.২.১] ইআরপি সিস্টেমের সকল কার্যক্রম সম্পাদনকৃত । | বোর্ড | আইটি শাখা হতে প্রাপ্ত তালিকা, সামারীশীট ও লিংক |
| [২.৩] বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে সহায়তা প্রদান | [২.৩.১] সহায়তার আবেদন নিষ্পত্তিকৃত। | প্রবাসী কল্যাণ ডেস্ক | প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রাপ্ত সামারীশীট। |
| [২.৪] প্রবাসে মৃত কর্মীর প্রদত্ত তথ্য বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে বোর্ডের ডাটাবেইজে সংরক্ষণ। | [২.৪.১] তথ্য ডাটাবেইজে সংরক্ষণকৃত। | বোর্ড | আইটি শাখা হতে প্রাপ্ত তালিকা, সামারীশীট ও লিংক |
| [২.৫] প্রবাস ফেরত অসহায় ও নিঃস্ব কর্মীদের প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যে বাড়ি গমনে বিশেষ আর্থিক সহায়তা | [২.৫.১] বিশেষ আর্থিক সহায়তার আবেদন নিষ্পত্তিকৃত। | প্রবাসী কল্যাণ ডেস্ক | প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রাপ্ত সামারীশীট। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.১] প্রবাসী নারী কর্মীদের সহায়তার জন্য সেইফ হোম পরিচালনায় দূতাবাস বরাবর বাজেট বরাদ্দ ও দেশে চিকিৎসা সহায়তা। | [৩.১.১] নারী কর্মীদের চিকিৎসা সহায়তার আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | হিসাব শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| | [৩.১.২] সেফ হোম পরিচালনায় দূতাবাস/শ্রম উইং বরাবর বাজেট বরাদ্দকৃত। | বোর্ড | হিসাব শাখা হতে বরাদ্দকৃত বাজেট বইয়ের কপি। |
| [৩.২] রিইন্টিগ্রেশন লক্ষ্যে প্রত্যাগত কর্মীদের নিবন্ধন,কাউন্সেলিং, ওরিয়েন্টেশন ও রেফারেল সহায়তা প্রদান। | [৩.২.১] নিবন্ধনের আবেদন নিষ্পত্তিকৃত। | RAISE প্রকল্প | RAISE প্রকল্প হতে প্রাপ্ত সামারীশীট। |
| | [৩.২.২] কাউন্সেলিং এর আবেদন নিষ্পত্তিকৃত। | RAISE প্রকল্প | RAISE প্রকল্প হতে প্রাপ্ত সামারীশীট। |
| | [৩.২.৩] ওরিয়েন্টেশনের আবেদন নিষ্পত্তিকৃত। | RAISE প্রকল্প | RAISE প্রকল্প হতে প্রাপ্ত সামারীশীট। |
| | [৩.২.৪] রেফারেলের আবেদন নিষ্পত্তিকৃত। | RAISE প্রকল্প | RAISE প্রকল্প হতে প্রাপ্ত সামারীশীট। |
| [৪.১] প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা অর্জনে উৎসাহ প্রদানের লক্ষ্যে শিক্ষাবৃত্তি প্রদান। | [৪.১.১] শিক্ষাবৃত্তির আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | শিক্ষাবৃত্তি শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| [৪.২] প্রবাসী কর্মীর সন্তানদের দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা প্রদান। | [৪.২.১] প্রত্যয়ন পত্রর আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | শিক্ষাবৃত্তি শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| [৪.৩] প্রবাসী কর্মীর বিশেষ চাহিদা সম্পন্ন সন্তানদের প্রতিবন্ধী ভাতা প্রদান। | [৪.৩.১] প্রতিবন্ধী ভাতার আবেদন নিষ্পত্তিকৃত। | বোর্ড | প্রতিবন্ধী শাখা হতে প্রাপ্ত তালিকা ও সামারীশীট |
| [৪.৪] আর্থিক অনুদান ও ক্ষতিপূরণের অর্থ সঠিক ব্যবহার ও বিনিয়োগের লক্ষ্যে প্রবাসী কর্মী ও তাঁর পরিবারের সাথে ভিডিও কনফারেন্স। | [৪.৪.১] প্রবাসী কর্মী ও তাঁর পরিবারের সাথে ভিডিও কনফারেন্স আয়োজিত। | বোর্ড | প্রবাসী কর্মী ও তাঁর পরিবারের তালিকা, সভার নোটিশ ও কার্যবিরণী। |
| [৪.৫] প্রবাসী কর্মী কল্যাণের লক্ষ্যে শ্রম কল্যাণ উইংয়ের সাথে ভিডিও কনফারেন্স। | [৪.৫.১] শ্রম কল্যাণ উইংয়ের সাথে ভিডিও কনফারেন্স আয়োজিত। | বোর্ড | সভার নোটিশ, কার্যবিরণী ও ছবি। |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| প্রবাসী কর্মী কল্যাণের লক্ষ্যে শ্রম কল্যাণ উইংয়ের সাথে ভিডিও কনফারেন্স। | শ্রম কল্যাণ উইংয়ের সাথে ভিডিও কনফারেন্স আয়োজিত। | বিভিন্ন দূতাবাস/ কনস্যুলেট | ভিডিও কনফারেন্স। |
| মৃত কর্মীর ক্ষতিপূরণ, বকেয়া ও অন্যান্য অর্থ আদায়ে সহায়তা প্রদান এবং আদায়কৃত অর্থ বিতরণ। | ক্ষতিপূরণ, বকেয়া ও অন্যান্য অর্থের আবেদন নিষ্পত্তিকৃত। | জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস | সরেজমিনে পরিদর্শনপূর্বক দ্রুততম সময়ে তদন্ত প্রতিবেদনসহ কাগজপত্রাদি বোর্ডে প্রেরণ। |
| প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন, পরিবারকে মৃতদেহ পরিবহন ও দাফন খরচ এবং আর্থিক অনুদান প্রদান। | আর্থিক অনুদানের (৩ লক্ষ টাকা) আবেদন নিষ্পত্তিকৃত। | জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস | সরেজমিনে পরিদর্শনপূর্বক দ্রুততম সময়ে তদন্ত প্রতিবেদনসহ কাগজপত্রাদি বোর্ডে প্রেরণ। |
| প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা অর্জনে উৎসাহ প্রদানের লক্ষ্যে শিক্ষাবৃত্তি প্রদান। | শিক্ষাবৃত্তির আবেদন নিষ্পত্তিকৃত। | জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস | নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থীদের অধ্যয়নের অগ্রগতির তথ্য বোর্ডে প্রেরণ, চেক প্রাপ্তির পর বৃত্তি প্রাপ্তদের মধ্যে যথাসময়ে বিতরণ। |
| অনিবন্ধিত ও অনাবাসি বাংলাদেশিদের বোর্ডের সেবার আওতায় আনয়নে সহায়তা। | বোর্ডের মেম্বারশীপর আবেদন নিষ্পত্তিকৃত। | বিভিন্ন দূতাবাস/ কনস্যুলেট | বোর্ড কর্তৃক নির্ধারিত অনলাইন ফরমের মাধ্যমে অল্প সময়ে অনিবন্ধিত প্রবাসী কর্মীদের দূতাবাসের মাধ্যমে বোর্ডের মেম্বারশীপ প্রদান। |

**সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ**